

৪র্থ অনুরোধ পত্র  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ  
শিক্ষা মন্ত্রণালয়  
অডিট শাখা-০১  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
www.tmed.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৬৬.০১.১২.১৮-২১

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৭

০৮ সেপ্টেম্বর ২০২০

বিষয়: নোয়াখালী জেলার সদর উপজেলাধীন নোয়াখালী কারামতিয়া কামিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মোহাম্মদ উল্লাহ এবং জনাব আবু নোমান মো: আব্দুর রব এর অডিট আপত্তির (ডিআইএ-এর) বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ডিজি, ডিএমই এর মতামত প্রসঙ্গে।

সূত্র: ০১. টিএমইডি এর স্মারক নং-৫৭.০০.০০০০.০৬৬.০১.১২.১৮-১৬, তারিখ: ১৬.০৭.২০১৯ খ্রি।

০২. ৫৭.০০.০০০০.০৬৬.০১.১২.১৮-১৭, তারিখ: ১০.১০.২০১৯ খ্রি।

০৩. ৫৭.০০.০০০০.০৬৬.০১.১২.১৮-২৩, তারিখ: ০১.১২.২০১৯ খ্রি।

০৪. ডিআইএ এর স্মারক নং- ডিআইএ/নোয়াখালী/৭-এম/চট: ১৫১৯, তারিখ: ২৪.১১.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকগুলোর পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, নোয়াখালী জেলার সদর উপজেলাধীন নোয়াখালী কারামতিয়া কামিল মাদ্রাসার সহকারী মৌলভী জনাব মোহাম্মদ উল্লাহ এবং সহকারী গ্রন্থাগারিক আবু নোমান মো: আব্দুর রব এর অডিট আপত্তির (ডিআইএ-এর) বিষয়ে পরবর্তী ব্যবস্থা গ্রহণের নিমিত্ত ডিজি, ডিএমই এবং পরিচালক, ডিআইএ এর মতামত চেয়ে সূত্রস্থ ১, ২ ও ৩ নং স্মারকমূলে পত্র প্রেরণ করা হয়েছিল।

০২. উল্লেখ্য টিএমইডি এর চাহিত তথ্যের ভিত্তিতে ডিআইএ কর্তৃক সূত্রস্থ ০৪ নং স্মারকমূলে পত্র পাওয়া গেছে।

০৩. ডিআইএ কর্তৃক উত্থাপিত আপত্তি নিষ্পত্তির নিমিত্ত পদক্ষেপ গ্রহণের জন্য নিম্নবর্ণিত বিষয়গুলো স্পষ্ট হওয়াসহ ডিজি, ডিএমই এর মতামত আবশ্যিক :

ক) জনাব আবু নোমান মো: আব্দুর রব, সহকারী গ্রন্থাগারিক হিসেবে ২১/১০/৯২ খ্রি. তারিখে প্রতিষ্ঠানে যোগদানকালে (একই তারিখে এমপিও ভুক্তিকালে গ্রন্থাগার বিজ্ঞানে) কোন সনদ ছিল না। যথাযথ শিক্ষাগত যোগ্যতা না থাকা সত্ত্বেও চাকুরীতে যোগদান, এমপিও ভুক্তি এবং তা চলমান থাকা সঠিক এবং আইনানুগ কিনা এ বিষয়ে ডিজি, ডিএমই-এর মতামত (উক্ত ব্যক্তির জন্য প্রযোজ্য আইন/বিধি/সাকুলারের আলোকে) প্রয়োজন।

খ) সহকারী মৌলভী জনাব মোহাম্মদ উল্লাহ এর বিরুদ্ধে ডিআইএ কর্তৃক উত্থাপিত আপত্তির বিষয়ে (আপত্তির সঠিকতা বিষয়ে) ডিজি, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর মতামত প্রয়োজন।

০৪. এক্ষেত্রে, সূত্রস্থ ১, ২ ও ৩ নং স্মারকমূলে তাগিদ দেয়া সত্ত্বেও চাহিত তথ্য আজোবধি টিএমইডি-তে পাওয়া যায়নি যা সুস্পষ্ট দায়িত্ব অবহেলার সামিল। এবং চাহিতমতে তথ্য না পাওয়ার কারণে সরকারি অর্থের অপচয় বা আত্মসাতের ঘটনা ঘটলে সেট মহোদয়ের ব্যক্তিগত দায় হিসেবে বিবেচিত হবে এবং জিএফআর বিধি ২৫ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গৃহীত হবে।

০৫. এমতাবস্থায়, উপরিউক্ত চাহিত মতামত না পাওয়ায় পরবর্তী কার্যক্রম গ্রহণ করা সম্ভব হচ্ছে না বিধায় মতামত আগামী ১৬.০৯.২০২০ খ্রি. তারিখের মধ্যে টিএমইডি-তে প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে মহোদয়কে ৪র্থ বারের মতো অনুরোধ করা হলো। ব্যর্থতায় জিএফআর বিধি ২৫ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গৃহীত হবে।

সংযুক্ত : বর্ণনামতে ০৩ ফর্দ (পূর্বেই প্রেরিত)।

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ গার্লস গাইড  
এসোসিয়েশন, গাইড হাউজ, ৭ম ও ১০ম তলা, নিউ বেইলী  
রোড, ঢাকা-১০০০।

স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৬৬.০১.১২.১৮-২১/১(৫)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:


- ১) সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২) সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩) অতি:সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪) উপ-সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫) অফিস কপি, মাষ্টার কপি।



৯-৯-২০২০

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব  
ফোন: ৯৫৭৫২৭২

তারিখ: ২৪ ভাদ্র ১৪২৭  
০৮ সেপ্টেম্বর ২০২০



৯-৯-২০২০

নূরজাহান বেগম  
সিনিয়র সহকারী সচিব